# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**19-05-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) প্রাতিষ্ঠানিক দূর্নীতি এবং নারী ও শিশুদের ওপর নির্যাতনের ঘটনায় রাজ্য সরকার দুটি তদন্ত কমিশন তৈরি করেছে।

২) তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ১৭ টি সম্পত্তির নামে কলকাতা পুরসভা নোটিস পাঠিয়েছে।

৩) দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী বৃহস্পতিবার ২১-শে মে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হবে।

আজ বিজেপি প্রার্থীর হয়ে প্রচার সারবেন রাজ্যের মুখ্যমন্ত্রী, দলের নেতা শুভেন্দু অধিকারী।

৪) আর জি কর হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে ইডিকে বিচারপ্রক্রিয়া চালানোর অনুমোদন দিয়েছে রাজ্য সরকার।

কলকাতা হাইকোর্টের নতুন ডিভিশন বেঞ্চে আজ আর জি কর মামলার শুনানি।

৫) জমি দুর্নীতি, প্রতারণা সহ একাধিক মামলায় দীর্ঘ জেরার পর বিশ্বজিৎ পোদ্দার ওরফে সোনা পাপ্পুকে গ্রেপ্তার করেছে ইডি।

**৬) যুবভারতীতে মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনায় প্রাক্তন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাসের বিরুদ্ধে আয়োজক শতদ্রু দত্ত এফআইআর দায়ের করেছেন।**

---

প্রাতিষ্ঠানিক দূর্নীতি ও নারী এবং শিশুদের উপরে নির্যাতনের ঘটনায় রাজ্য সরকার দুটি তদন্ত কমিশন তৈরি করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে গতকাল নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এ সংক্রান্ত দুটি প্রস্তাব গৃহীত হয়। আগের সরকারের আমলে মিড ডে মিল, আবাস যোজনা, একশো দিনের কাজ, আমফান, কাটমানি, অবৈধ নির্মান এর মত ক্ষেত্রে যে দূর্নীতি হয়েছিল তার তদন্তে হাইকোর্টের প্রাক্তন বিচারপতি বিশ্বজিত বসু ও এডিজি জয়রামনকে সদস্য সচিব করে একটি কমিশন গঠন করা হচ্ছে।

অন্যদিকে নারী ও শিশুদের উপরে নির্যাতনের ঘটনায় হাইকোর্টের প্রাক্তন বিচারপতি সমাপ্তি চ্যাটার্জি এবং এডিজি দময়ন্তী সেনকে সদস্য সচিব করে অপর একটি কমিশন তৈরি করা হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এক সাংবাদিক বৈঠকে এ ব্যাপারে বিস্তারিত জানান।

(বাইট- শুভেন্দু)

---

নতুন সরকার গঠনের পর রাজ্য মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে অন্নপূর্ণা ভাণ্ডার, সরকারী বাসে মহিলাদের বিনামুল্যে যাতায়াতের সুবিধা, রাজ্য সরকারি কর্মীদের সপ্তম বেতন কমিশন সহ একগুচ্ছ বড় সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকের পর মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানান, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের অধীনে সরকার, পয়লা

জুন থেকে অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের আওতায় মহিলাদের ৩ হাজার টাকা করে অর্থ সহায়তা করার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নিয়েছে।

এদিকে, সরকারি কর্মচারীদের জন্যও সপ্তম রাজ্য বেতন কমিশন গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যদিও গতকালের বৈঠকে সরকারী কর্মীদের বকেয়া মহার্ঘ্য ভাতা প্রদান নিয়ে কোন আলোচনা হয়নি বলে জানা যাচ্ছে। এবিষয়ে পরবর্তী কোন বৈঠকে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে।

একই সঙ্গে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনে ধর্মীয় শ্রেণীবিন্যাসের ভিত্তিতে চালু থাকা সহায়তামূলক প্রকল্পগুলি এই মাস পর্যন্ত চালু থাকবে বলেও শ্রীমতী পাল জানান। আগামী মাস থেকে ওই প্রকল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে।

(বাইট- মাদ্রাসা)

সংরক্ষণ নীতি নিয়েও গুরুত্বপূর্ণ বার্তা দিয়েছে সরকার। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে ২০২৪ সালের ২২ মে-র, রায়ের প্রেক্ষিতে রাজ্য সরকারের অধীনে চাকরি ও সরকারি পদে অন্যান্য অনগ্রসর শ্রেণীর সংরক্ষণের হার এবং তালিকা পুনর্বিবেচনা করা হবে। পাশাপাশি উপ-শ্রেণী বিভাগও বাতিল করা হবে বলে জানানো হয়েছে।

------------------------

সরকারী খরচ কমাতে মুখ্যসচিব মনোজ আগরওয়াল সব দপ্তরের সচিব এবং জেলাশাসকদের একাধিক নির্দেশ দিয়েছেন। রাজ্য সরকারের অধীনে থাকা সব বিভাগ, ডিরেক্টরেটস, রাজ্য সরকার পরিচালিত সংস্থা, বোর্ড, নিগম, সরকারি মালিকানাধীন বা সরকারি অর্থায়নে পরিচালিত সমিতি, দপ্তর, আধা-সরকারি সংস্থা এবং পথে নেমে

কাজ করতে হয় এমন দপ্তরগুলোকে খরচ কমানো এবং দক্ষতা বাড়ানোর ওপর জোর দিতে বলা হয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, দপ্তরের কাজ ও পর্যালোচনার জন্য ভিডিও কনফারেন্স, ভার্চুয়াল সভা এবং ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করতে হবে। পাশাপাশি যেখানে সম্ভব সেখানে বাড়ি থেকে কাজের সুযোগও খতিয়ে দেখতে হবে। জরুরি নয় এমন ভ্রমণ কমাতে হবে। প্রয়োজনে গণপরিবহন, কারপুল এবং বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার করতে হবে। সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানগুলোকে শক্তি সংরক্ষণ বা জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ই-অফিস ব্যবস্থা বাড়িয়ে খরচ কমাতে হবে। উৎসাহিত করতে হবে দেশীয় পণ্য, স্বদেশী উদ্যোগকে। দক্ষ লজিস্টিক বা সরবরাহ ব্যবস্থার প্রসার ঘটানোর পাশাপাশি বর্জ্য কমানো, পুনর্ব্যবহার এবং প্রাকৃতিক সম্পদের দায়িত্বশীল ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। স্থানীয়ভাবে উৎপাদিত ভোজ্য তেলের ব্যবহারের পাশপাশি প্রাকৃতিক ও পরিবেশ-বান্ধব কৃষি পদ্ধতি প্রয়োগ করার ওপর জোর দেওয়া হয়েছে।

নির্দেশিকায় আরও বলা হয়েছে, রাজ্য সরকারের প্রতিটি বিভাগ এবং জেলা প্রশাসনকে ২০২৬-২৭ আর্থিক বছরের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করে আগামী শুক্রবারের মধ্যে তা মুখ্যসচিবের দপ্তরে জমা দিতে হবে। আগামী পয়লা জুলাই থেকে নিয়মিত ভাবে পেশ করতে হবে মাসিক প্রতিবেদন।

-----------------------

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক, সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ১৭ টি সম্পত্তির নামে কলকাতা পুরসভা নোটিস দিয়েছে। পুরসভার বিল্ডিং বিভাগ থেকে পাঠানো এই নোটিসে রয়েছে হরিশ মুখার্জি রোডের অভিষেকের

বাড়ি, শান্তিনিকেতনও। একইসঙ্গে সাংসদের অপর একটি সম্পত্তি, কালীঘাট মোড়ে থাকা একটি বাড়ি রয়েছে। ঐ বাড়িটিতে বর্তমানে হার্ডওয়ারের দোকান আছে। এছাড়াও রয়েছে একাধিক সম্পত্তি। এই সম্পত্তি অর্থাৎ বাড়িগুলির বিল্ডিং প্ল্যান-সহ যাবতীয় নথিপত্র নিয়ে পুরসভায় দেখা করতে বলা হয়েছে। গত তিনদিন ধরে অ্যাসেসমেন্টের কাজ চলছিল। জানা গেছে, কালিঘাট রোডে অভিষেকের যে বাড়ি রয়েছে, তা লিপস অ্যান্ড বাউন্ডসে নামে নথিভুক্ত। পুরআইনে ৪০১ ধারায় নোটিস পাঠিয়ে শুনানিতে ডাকা হয়েছে। নিয়ে আসতে বলা হয়েছে সমস্ত কাগজপত্র। কোথাও বিল্ডিং প্ল্যানের বাইরে গিয়ে অবৈধ নির্মাণ হয়েছে কি না বা হয়ে থাকলে তার রেগুলারাইজেশন হয়েছিল কি না, সেই সমস্ত কিছু খতিয়ে দেখা হবে। আইন মোতাবেক কাজ না হয়ে থাকলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে পুরসভা সূত্রে জানানো হয়েছে।

এদিকে, সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের প্রচার চলাকালীন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-কে হুমকি এবং উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই মামলায় আদালতে রক্ষা কবচের আবেদন জানিয়েছেন তিনি।

------------------------

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী বৃহস্পতিবার ২১-শে মে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যা ৬টায় শেষ হবে। এরপরই শুরু হবে সাইলেন্স পিরিয়ড। আজ বিজেপি প্রার্থীর হয়ে প্রচার সারবেন রাজ্যের মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা শুভেন্দু অধিকারী। তিনি আজ ফলতায় রোড-শো করবেন। পাশাপাশি দিনভর ছোট সভা করার কথা রয়েছে তাঁর।

ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটার, মোট ছয় জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। এদের মধ্যে মহিলা ভোটারের সংখ্যা এক লক্ষ্য ১ লক্ষ ১৫ হাজার ১৩৫ জন। বিশেষ ভাবে সক্ষম ভোটার রয়েছেন ২ হাজারের কিছু বেশি। ২৪ টি অক্সিলিয়ারি বুথ সহ মোট ২৮৫ টি ভোট গ্রহণ কেন্দ্রে সকাল সাতটা থেকে শুরু হয়ে ভোট নেওয়া হবে সন্ধ্যে ছটা পর্যন্ত ।

এদিকে, ফলতা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খানকে ২৬-শে মে পর্যন্ত গ্রেফতার করা যাবে না বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে। তবে, তদন্তে সহযোগিতা করতে হবে তাকে। এ সময়ে কোনো গুরুতর অপরাধ মূলক অভিযোগ পাওয়া গেলে তা আদালতের নজরে আনতে হবে বলে বিচারপতি সৌগত ভট্টাচার্য নির্দেশ দিয়েছেন। তাঁর পর্যবেক্ষণ, গণতান্ত্রিক ব্যবস্থাপনায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা সাংবিধানিক অধিকার। কিন্তু প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ থাকায় নির্বাচন কমিশনের বিধিনিষেধ জাহাঙ্গির খানাকে নিয়ে চলতে হবে। ভোটারদের প্রভাবিত করা বা কোন বিতর্কিত মন্তব্য করা যাবে না। জাহাঙ্গীরের বিরুদ্ধে যে সমস্ত তদন্ত চলছে, সাতদিনের মধ্যে তার কপি আদালতে জমা দেওয়ারও নির্দেশ দিয়েছেন বিচারপতি।

------------------------

শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথের খুনের সঙ্গে জড়িত সন্দেহে এক ব্যক্তিকে আটক করেছে সিবিআই। উত্তরপ্রদেশের একটি টোল প্লাজ়া থেকে রাজকুমার সিং নামে ঐ ব্যক্তিকে আটক করা হয়। দিল্লি হয়ে ভিন রাজ্যে গা ঢাকা দেওয়ার পরিকল্পনা করছিল উত্তরপ্রদেশের বালিয়ার ঐ বাসিন্দা।

এই ঐ ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হলো চার জন। এর আগে, সিট গ্রেফতার করে ৩ জনকে।

উল্লেখ্য, বিধানসভা ভোটের ফল ঘোষণার দু'দিন পর ৬ই মে রাতে মধ্যমগ্রামের রাস্তায় এলোপাথাড়ি গুলি চালিয়ে খুন করা হয় চন্দ্রনাথকে।

------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "ইবোলা: আতঙ্ক নয় প্রয়োজন সতর্কতা।" জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন কাশফিন নাহার। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------------

আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে দুর্নীতি ও আর্থিক অনিয়মের মামলায় ইডিকে বিচারপ্রক্রিয়া চালানোর অনুমোদন দিল রাজ্য সরকার। স্বাস্থ্য দফতরের তরফে জারি হওয়া নির্দেশিকায় জানানো হয়েছে, রাজ্যপাল তথা উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি মেলার পরই এই বিষয়ে ছাড়পত্র দেওয়া হয়েছে।

সরকারি নির্দেশিকায় জানানো হয়েছে, কলকাতা হাইকোর্ট, টালা থানায় দায়ের হওয়া মামলার তদন্তভার সিবিআইয়ের দুর্নীতি দমন শাখার কাছে হস্তান্তর করে। পরে সিবিআই, আর জি করের তৎকালীন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং আরও কয়েকজনের বিরুদ্ধে মৃতদেহ নিয়ে ব্যবসা, ল্যাবরেটারির সরঞ্জাম কেনায় অনিয়ম সহ বিভিন্ন অভিযোগে মামলা দায়ের করে। সন্দীপ ঘোষ ছাড়াও একাধিক সংস্থার বিরুদ্ধেও হাসপাতালের বিভিন্ন ক্রয়-প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট বিষয়ে আর্থিক অনিয়ম, দুর্নীতি ও সরকারি অর্থের অপব্যবহারের অভিযোগ রয়েছে।

সিবিআই তদন্তে সন্দীপ ঘোষের বিরুদ্ধে এমন কিছু তথ্য উঠে এসেছে, যা অর্থ তছরুপ প্রতিরোধ আইন বা পিএমএলএ-র নির্ধারিত আওতায় পড়ে। তার ওপর ভিত্তি করেই ইডি আলাদাভাবে তদন্ত শুরু করেছিল। রাজ্যপালের অনুমোদনের ভিত্তিতে বিএনএস দুর্নীতি প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারায় সন্দীপ ঘোষের বিরুদ্ধে বিচারপ্রক্রিয়া শুরু করার অনুমতি দেওয়া হয়েছে বলে নির্দেশিকায় জানা গেছে। স্বাস্থ্য দফতরের বিশেষ সচিব অমিত দান এই নির্দেশ জারি করেছেন।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই অনুমোদনকে অভয়ার ন্যায়বিচারের লক্ষ্যে এক মহতী ও সদর্থক পদক্ষেপ বলে উল্লেখ করেছেন। সমাজমাধ্যমের এক বার্তায় তিনি বলেন, গত তৃণমূল কংগ্রেস সরকার অনৈতিকভাবে এই মামলার তদন্ত প্রক্রিয়া আটকে রেখেছিল। কিন্তু দীর্ঘদিন সত্যকে চাপা রাখা যায়না বলেও মত প্রকাশ করেন তিনি।

অন্যদিকে, কলকাতা হাইকোর্টের নতুন ডিভিশন বেঞ্চে আজ বেলা ১ টা নাগাদ আর জি করের তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও হত্যা মামলার শুনানি হতে পারে। অভয়ার বিচারের জন্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, গত সপ্তাহে দুই বিচারপতি শম্পা সরকার ও তীর্থঙ্কর ঘোষের নতুন ডিভিশন বেঞ্চ গঠন করে দেন। সেই অনুযায়ী আজ মোট তিনটি মামলার শুনানি হওয়ার কথা।

------------------------

জমি দুর্নীতি, প্রতারণা সহ একাধিক মামলায় দীর্ঘ ১০ ঘন্টা জেরার পর বিশ্বজিত্ পোদ্দার ওরফে সোনা পাপ্পুকে গ্রেপ্তার করেছে ইডি। দক্ষিণ কলকাতার কাকুলিয়ায় গোষ্ঠী সংঘর্ষ এবং বোমা-গুলিকান্ডের পর থেকেই বেপাত্তা ছিল সে। গতকাল হঠাত্ই সিজিও কমপ্লেক্সে হাজিরা দেয় সোনা পাপ্পু। গ্রেপ্তারি এড়াতে ভিন রাজ্যে গা ঢাকা দিয়েছিলেন সে। আজ তাকে আদালতে পেশ করা হবে। এর আগে দুর্নীতি ও প্রতরাণা কান্ডে সোনা

পাপ্পুর সঙ্গে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার হয়েছেন কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাস। ধরা পড়ে প্রোমোটার জায় কামদারও।

অন্যদিকে, পুর নিয়োগ দুর্নীতি মামলায় দীর্ঘক্ষণ জেরার পর দক্ষিণ দমদম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পাচু রায় ইডি দপ্তর ছেড়ে বেরিয়ে যান।

উল্লেখ্য এই মামলাতেই গ্রেপ্তার হয়েছেন রাজ্যের প্রাক্তন দমকল মন্ত্রী সুজিত বসু।

------------------------

যুবভারতী ক্রীড়াঙ্গনে লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার প্রেক্ষিতে প্রাক্তন ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাসের বিরুদ্ধে ক্রীড়া অনুষ্ঠান আয়োজক শতদ্রু দত্ত বিধাননগর দক্ষিণ থানায় এফআইআর দায়ের করেছেন। একইসঙ্গে অভিযোগ জানানো হয়েছে, কলকাতা পুরসভার কাউন্সিলর জুই বিশ্বাস এবং রাজ্যের প্রাক্তন ডি জি রাজীব কুমারের বিরুদ্ধেও। শতদ্রু জানিয়েছেন, তার অনুষ্ঠান বানচাল করে উদ্দ্যেশ্যপ্রণোদিত ভাবে তাকে ফাঁসানো হয়েছে। করা হয়েছিল গ্রেপ্তারও। এর প্রেক্ষিতেই তিনি, প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাসের বিরুদ্ধে ৫০ কোটি টাকার মানহানির মামলার পাশাপাশি ৫০ কোটি টাকার আর্থিক ক্ষতিপূরণ চেয়ে মামলা করবেন বলে শতদ্রু জানান।

------------------------

অনুকুল বায়ুপ্রবাহ ও জলীয় বাষ্পের কারণে আজ গোটা রাজ্যে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে।

দক্ষিণবঙ্গে ঝড়বৃষ্টি হলেও তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা আড়াই ডিগ্রি বেশি।

এদিকে গতসন্ধ্যায় ঝড় বৃষ্টিতে মুর্শিদাবাদ ও নদীয়ার বিস্তীর্ণ এলাকায় ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে।

----------------------- -----------------------